

■■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৩৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ২২৭]

২/ তাহারাত (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪. উযু এবং তারপর সালাত আদায়ের ফযীলত

باب فَضِلْ الْوُضُوءِ وَالصَّلاَةِ عَقِبَهُ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيد، وَعُثْمَانُ بْنُ مُحَمَّد بْنِ أَبِي شَيْبَةَ، وَإِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الْحَنْظَلِيُّ، وَاللَّقْظُ لِقُتَيْبَةَ _ قَالَ إِسْحَاقُ أَخْبَرَنَا وَقَالَ الآخَرَانِ، حَدَّثَنَا جَرِيرٌ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ حُمْرَانَ، مَوْلَى عُثْمَانَ قَالَ سَمِعْتُ عُثْمَانَ بْنَ عَفَّانَ، وَهُو بِفِنَاءِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ حُمْرَانَ، مَوْلَى عُثْمَانَ قَالَ سَمِعْتُ عُثْمَانَ بْنَ عَفَّانَ، وَهُو بِفِنَاءِ الْمَسْجِدِ فَجَاءَهُ الْمُؤَذِّنُ عِنْدَ الْعَصْرِ فَدَعَا بِوَضُوءٍ فَتَوَضَّا أَثُمَّ قَالَ وَاللَّهِ لأُحَدِّثَنَّكُمْ حَدِيثًا الْمَسْجِدِ فَجَاءَهُ الْمُؤَذِّنُ عِنْدَ الْعَصْرِ فَدَعَا بِوَضُوءٍ فَتَوَضَّا أَثُمَّ قَالَ وَاللَّهِ لأُحَدِّثَنَّكُمْ حَدِيثًا لَوْلاَ آيَةٌ فِي كِتَابِ اللّهِ مَا حَدَّثْتُكُمْ إِنِّي سَمِعْتُ رَسُولَ اللّهِ صلى الله عليه وسلم يَقُولُ " لَوُلاَ آيَةٌ فِي كِتَابِ اللّهِ مَا حَدَّثُتُكُمْ إِنِّي سَمِعْتُ رَسُولَ اللّهِ صلى الله عليه وسلم يَقُولُ " لاَ يَتَوَضَّا أُ رَجُلُ مُسْلِمٌ فَيُحْسِنُ الْوُضُوءَ فَيُصَلِّي صَلَاةً إِلاَّ غَفَرَ اللَّهُ لَهُ مَا بَيْنَهُ وَبَيْنَ الصَّلاَةِ الَّتِي تَلِيهَا " .

বাংলা

৪৩৩। কুতায়বা ইবনু সাঈদ, উসমান ইবনু মুহাম্মদ ইবনু আবৃ শায়বা ও ইসহাক ইবনু ইবরাহীম হানযালী (রহঃ) ... হুমরান মাওলা উসমান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি উসমান ইবনু আফফান (রাঃ)-কে বলতে শুনেছি, তিনি মসজিদের চত্বরে ছিলেন এমন সময়ে আসরের সালাতের জন্য মুয়াজ্বীন আসলেন। উসমান (রাঃ) উযূর পানি আনতে নির্দেশ দিলেন, অতঃপর উয়ু (ওজু/অজু/অয়ু) করলেন। তারপর তিনি বললেন, আল্লাহর কসম আমি তোমাদেরকে একটি হাদীস শোনাব যদি আল্লাহর কিতাবে একটি আয়াত না থাকত তাহলে কখনোই আমি তোমাদেরকে হাদীস শোনাতাম না। আমি শুনেছি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যে, যেই মুসলিম ব্যাক্তি উয়ু করবে এবং উয়ুকে সুন্দরভাবে আদায় করবে, অতঃপর সালাত (নামায/নামাজ) আদায় করবে সেই ব্যাক্তির এই সালাত ও তার পূর্ববর্তী সালাত এর মধ্যবতী সকল গুনাহ ক্ষমা করে দেয়া হবে।

English

Humran. the freed slave of 'Uthman. said:

I heard from 'Uthman b. 'Affan and he was in the courtyard of the mosque,



when the Mu'adhdhin (announcer of the prayer) came to him at the time of afternoon prayer. So the ('Uthman) called for the ablution water and performed ablution and then said: By Allah, I am narrating to you a hadith. If there were not a verse in the Book of Allah, I would have never narrated it to you. I heard Allah's Messenger () say: If a Muslim performs ablution and does it well and offers prayer, all his (sins) daring the period from one prayer to another would be pardoned by Allah.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ হুমরান ইবনু আবান (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন